১৬/১০/২০০১

তারিখ
পৃষ্ঠা ৬ কলাম

দৈনিক ইনকিলাব

# ছাত্রদল ও শিবির রাঃ বিঃ ভিসিকে সিন্ডিকেট সভা করতে দেবে না

রাঃ বিঃ রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্রশিবির আগামী ১৭ অক্টোবর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর সাইদুর রহমান খানকে সিন্ডিকেট সভা করতে দেবে না বলে জানিয়েছে। এ লক্ষ্যে তারা ব্যাপক কর্মসূচী দেবে বলেও জানা গেছে।

ছাত্রশিবির গতকাল দুপুরে ক্যাম্পাসে এক বিক্ষোভ মিছিল ও প্রশাসন ভবন ঘেরাও করে। শাখা সভাপতি হেলাল উদ্দীনের নেতৃত্বে একটি প্রতিনিধি দল ভিসির সঙ্গে সাক্ষাৎ করে সিন্ডিকেট সভা বন্ধের দাবী জানিয়েছে। প্রশাসন ভবনের গেটে অনুষ্ঠিত সমাবেশে বক্তারা বলেন, আওয়ামী লীগের দালাল এই ভিসির সভাপতিত্বে আর কোন সিদ্ধান্তমূলক ও নীতিনির্ধারণী কোন সভা হতে দেয়া হবে না। বিগত পাঁচ বছরে তারা অসংখ্য অন্যায় ও দলীয় সিদ্ধান্ত নিয়েছে।

ছাত্রদলের পক্ষ থেকে আনোয়ার হোসেন উজ্জ্বলের নেতৃত্বে একটি প্রতিনিধিদল ভিসির সঙ্গে সাক্ষাৎ করে ভিসিকে সকল প্রকার নিয়োগ ও পদোন্নতি বন্ধ এবং সিন্ডিকেট সভা স্থগিত করার দাবী জানায়।